

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ২৮.১২.২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

শীতাত্তদের সহায়তায় ধনাঢ্যরা এগিয়ে আসুন: : মেয়র ডা. শাহাদাত

শীতাত্ত দরিদ্র জনগণের সহায়তায় সমাজের ধনাঢ্যদের এগিয়ে আসার আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় ১৪ নং লালখান বাজার ওয়ার্ড বিএনপি ও অঙ্গ সংগঠন আয়োজিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠান সিটি কর্পোরেশন শহীদ নগর উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে জানে আলম বাছার সঞ্চালনায় এবং মোঃ শামীম আহমেদ নান্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির যুগ্ম আহবায়ক শাহ আলম, ইউসুপ জামাল, মোঃ নাসিম আহমেদ, নূর হোসেন উজ্জ্বল, মনির উদ্দিন, রবিউল হোসেন বাবুল, আবু তাহের, দেলোয়ার, নাছির, সজিব, আলাউদ্দিন, জুয়েল, মুনছুর, মানিক, সুজন, আঃ খালেদ, কবির প্রমুখ। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, শীতাত্ত মানুষের দুঃখ-দুর্দশা লাঘবে আমাদের সকলের এগিয়ে আসা উচিত। মানবিকতা এবং সামাজিক দায়িত্ববোধের কারণে যারা সমাজে সচ্ছল, তাদের দায়িত্ব আরো বেশি। আমাদের চারপাশে এমন অনেক মানুষ আছেন, যারা শীতের তীব্রতা সহ্য করতে না পেরে অসুস্থ হয়ে পড়ছেন। এ ধরনের অবস্থায় সমাজের প্রতিটি সচ্ছল ব্যক্তিকে এগিয়ে এসে শীতাত্তদের জন্য কম্বল, গরম কাপড় এবং অন্যান্য সহায়তা প্রদান করা জরুরি। “শীতের প্রকোপ দিন দিন বাড়ছে। এর প্রভাব সবচেয়ে বেশি পড়ে দরিদ্র জনগোষ্ঠীর ওপর। আমরা যদি তাদের পাশে দাঁড়াই, তাদের সহযোগিতা করি, তবে তাদের কষ্ট অনেকটাই কমবে। শুধু সরকারি উদ্যোগ নয়, বেসরকারি প্রতিষ্ঠান এবং ব্যক্তিগত উদ্যোগেও শীতাত্তদের জন্য সাহায্য বাড়াতে হবে।” তিনি আরও বলেন, “মানবতা সবসময় ধর্ম, রাজনীতি কিংবা পেশার উর্ধ্বে। শীতাত্তদের সহায়তা করা আমাদের নৈতিক দায়িত্ব। আমি আহ্বান জানাই আপনারা যার যার অবস্থান থেকে সহযোগিতার হাত বাড়িয়ে দিন। শুধু শীতবস্ত্র নয়, শীতকালীন খাদ্য ও প্রয়োজনীয় চিকিৎসা সেবাও দরিদ্রদের মধ্যে পৌঁছে দিতে হবে। এটি সমাজের প্রতি আমাদের দায়বদ্ধতার প্রকাশ।” মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, “শীত শুধু একটি ঋতু নয়, এটি দরিদ্র জনগণের জন্য একটি সংকটের সময়। এই সংকট মোকাবিলায় আমাদের সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টা প্রয়োজন। আমি বিশেষভাবে ধনী এবং প্রতিষ্ঠিত ব্যবসায়ী সম্প্রদায়ের প্রতি আহ্বান জানাই আপনারা দানশীলতার মনোভাব নিয়ে এই মানবিক কার্যক্রমে অংশ নিন। এতে কেবল শীতাত্তদের কষ্ট লাঘব হবে না, বরং সমাজে একটি ইতিবাচক উদাহরণও স্থাপিত হবে।” অনুষ্ঠানের শেষে মেয়র আরও একবার ধনাঢ্য ও সচ্ছল ব্যক্তিদের প্রতি আন্তরিক অনুরোধ জানিয়ে বলেন, “আপনাদের একটু সহায়তায় অনেক মানুষের জীবনে উষ্ণতা এবং স্বস্তি আসতে পারে। আসুন, আমরা সবাই মিলে একটি সহানুভূতিশীল সমাজ গড়ে তুলি, যেখানে কেউ অভাবের কারণে কষ্ট পাবে না।” এই বক্তব্যে তিনি সমাজের প্রতিটি স্তরের মানুষকে শীতাত্তদের সাহায্যে এগিয়ে আসার জন্য একত্রিত হওয়ার আহ্বান জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮